

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অফিস আদেশ

রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) জনাব মোঃ মনছুর আলী এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখঃ ০১/০২/১৯৫৭ খ্রিঃ হওয়ায় তাঁর বয়স ৩১/০১/২০১৬ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর সংশোধিত ৭ ধারা মোতাবেক তাঁকে ০১/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে নিম্নলিখিত ভাবে অবসর উত্তর (PRL) ছুটি ও ১৮ মাসের নগদায়ন বাবদ এককালীন অর্থ মঞ্জুর করা হলো :

(ক) জনাব মোঃ মনছুর আলী এর পূর্ণগড় বেতনে ১৭৮ দিন এবং অর্ধগড় বেতনে ১৩৭৫ দিন ছুটি পাওনা আছে। গণকর্মচারী (অবসর আইন) ১৯৭৪ এর (৭) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ) কর্তৃক ২৮/০৫/ ২০০৫ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট নং-এস.আর.ও ১১৯-আইন/২০০৫/অম/অবি/(বাস্ত-১) জাঃবেঃ স্কেল-১/২০০৫ এর ৬ (১৩) মোতাবেক এবং জাতীয় বেতনস্কেল/২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী (২) এর (ক) মোতাবেক ০১/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে ২৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৭৮ দিন পূর্ণগড় বেতনে এবং ২৯/০৭/২০১৬ খ্রিঃ তারিখ হতে ৩১/০১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্ধগড় বেতনে ১৩৭৫ দিনের ছুটি হতে ৩৭৪ দিনের অর্ধগড় বেতনের ছুটিকে ১৮৭ দিন পূর্ণগড় বেতনে রূপান্তরিত করে সর্বমোট (১৭৮ + ১৮৭) ৩৬৫ দিন অর্থাৎ ১ (এক) বছর অবসর উত্তর ছুটি ভোগ করবেন।

(খ) জনাব মোঃ মনছুর আলী এর অবসর উত্তর (PRL) ছুটি মঞ্জুরীর পর পূর্ণগড় বেতনে কোন ছুটি পাওনা নাই এবং অর্ধগড় বেতনে (১৩৭৫ - ৩৭৪) = অবশিষ্ট ১০০১ দিন ছুটি পাওনা আছে। জাতীয় বেতনস্কেল/২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী (২) এর (খ) মোতাবেক অর্ধগড় বেতনে ১০০১ দিনের ছুটিকে ৫০০ দিন পূর্ণগড় বেতনে রূপান্তরিত করে বর্তমান মূল বেতনের সমপরিমাণ { (২৪৮৭০ X ১২মাস) ÷ ৩৬৫ দিন = ৮১৭.৬৪ X ৫০০ দিন } = ৪,০৮,৮২১/- (চার লক্ষ আট হাজার আটশত একুশ) টাকা এককালীন আর্থিক অনুদান মঞ্জুর করা হল।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলোঃ

সংযুক্তঃ চাকুরী বহি -১ প্রস্থ।

স্বাক্ষরিত/-
(আ.ন.ম সালাহ উদ্দিন খান)
পরিচালক(পিআইইউ)
রুটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/রংপুর/পেনশন/পার্ট-২/২১৫/৭২৬(৫)

তারিখঃ ২৭/০৫/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১। অধ্যক্ষ, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।

০২। জেলা হিসাব রক্ষণ অফিসার, রংপুর।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে এ অফিস আদেশ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। জনাব মোঃ মনছুর আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং), রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর।

০৫। সংরক্ষণ নথি।

(বি.এম. আমিনুল ইসলাম)
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।